গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতি (আইবাস++)

## গ্রেজেটেড কর্মকর্তাদের গৃহনির্মাণ ঋণ অনলাইনে দাখিল

# ব্যবহার নির্দেশিকা

স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস)
ইমপ্রুভমেন্ট অফ পাবলিক ফিনান্সিয়াল সার্ভিসেস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন অফ বিএসিএস এন্ড আইবাস++ স্কিম
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

# গেজেটেড কর্মকর্তাদের গৃহনির্মাণ ঋণ অনলাইনে আবেদন

## ১ iBAS++ এর ধারণা

সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতি বা 'iBAS++' (Integrated Budget and Accounting System) হচ্ছে বাংলাদেশ সরকারের একটি সমন্বিত আর্থিক ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি। এটি মূলতঃ একটি ইন্টারনেটভিত্তিক সফটওয়্যার, যার মাধ্যমে সরকারের বাজেট প্রণয়ন, বাজেট বাস্তবায়ন অর্থাৎ বরাদ্দ বিভাজন, অর্থ অবমুক্তি, বাজেট পুনঃউপযোজন, অনলাইনে বিল দাখিল এবং তার বিপরীতে চেক বা EFT এর মাধ্যমে অর্থ প্রদান, রাজস্ব জমার হিসাবরক্ষণ, স্বয়ংক্রিয় ব্যাংক হিসাব সমন্বয় ইত্যাদি আর্থিক কর্মকাণ্ড একটি একক সার্ভারের মাধ্যমে সম্পন্ন হয়।


## ১.১ iBAS++ এ প্রবেশ (ইন্টারনেট ব্রাউজার নির্বাচন)

iBAS++ একটি ইন্টারনেটভিত্তিক সফটওয়্যার হওয়ার কারণে এটিতে প্রবেশ করতে হলে ব্যবহারকারীকে কোন একটি ইন্টারনেট ব্রাউজার (যেমন- Google Chrome অথবা Mozilla Firefox, ইত্যাদি) আইকনে ক্লিক করে তাতে প্রবেশ করতে হবে। এক্ষেত্রে Mozilla Firefox Browser ব্যবহার করাই ভালো।


## ১.২ iBAS++ এ লগইন (Login)

ব্যবহারকারীকে ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে iBAS++ এ লগইন করতে হবে। এক্ষেত্রে ইন্টারনেটে প্রবেশ করে Address Bar (চিত্র- ১)- এ iBAS++ এর ঠিকানা (ibas.finance.gov.bd/ibas2) টাইপ করে কি- বোর্ড এর Enter Key তে চাপ দিলে নিম্নে প্রদর্শিত Login স্ক্রিন (চিত্র- ২) দেখতে পাওয়া যাবে।

চিত্র- ১: Address Bar




চিত্র- ২: Login to iBAS++




**Login ID:** পূর্ববর্তী পৃষ্ঠার চিত্র- ২ অনুযায়ী লগইন আইডি (Login ID) ঘরে ইউজার আইডি (যা মোবাইলে এসএমএস- এর মাধ্যমে পূর্বেই জানানো হয়েছে) টাইপ করুন।

**Password:** এই ঘরে পাসওয়ার্ডটি টাইপ করুন। পাসওয়ার্ড টাইপ করলে '******' স্টার চিহ্ন দেখতে পাওয়া যাবে। উল্লেখ্য, ১ম বার iBAS++ এ প্রবেশের পর অর্থবিভাগ কর্তৃক প্রদত্ত পাসওয়ার্ডটি আবশ্যিকভাবে পরিবর্তন করতে হবে।

**Captcha:** এই ঘরে অবস্থিত অঙ্ক/নম্বরগুলো (যা Captcha হিসেবে অভিহিত) ওপরের 'Please type the text displayed below' লেখা ঘরে টাইপ করতে হবে। যদি Captcha অক্ষর/নম্বরগুলো দুর্বোধ্য বা অস্পষ্ট হয় তাহলে Try another এ ক্লিক করে আরেকটি নতুন Captcha নেওয়ার সুযোগ রয়েছে। কোন হ্যাকার যাতে স্বয়ংক্রিয়ভাবে iBAS++-এ ঢুকতে না পারে তার নিরাপত্তা ব্যবস্থা হিসেবে Captcha ব্যবহার করা হয়।


**Login:** স্ক্রিনের (চিত্র- ২) সমস্ত তথ্য এন্ট্রি করার পর পরবর্তি ধাপে যাওয়ার জন্য (Login) বাটনে ক্লিক করুন।

## ১.৩ ড্যাশবোর্ড

আইবাস++ এ প্রবেশ করলে আপনি একটি ড্যাশবোর্ড দেখতে পাবেন। এখানে আপনি বিভিন্ন মডিউল টেকনিক্যাল পরামর্শের নামের তালিকা এবং সমসাময়িক বিষয়ের আপডেট তথ্য দেখতে পারবেন।

**১.৪ Subsystem Selection:** ব্যবহারকারী কর্তৃক iBAS++ এ Login করার পর Subsystem Selection থেকে যে ধরনের মডিউলের কাজ করবেন সেই নির্দিষ্ট মডিউলটি নির্বাচন করতে হবে। Budget Preparation-এ কাজ করলে Budget Preparation-এ ক্লিক করবেন এবং Budget Execution-এ কাজ করলে Budget Execution- এ ক্লিক করবেন।

চিত্র- ৩: Subsystem Selection




চলমান ম্যানুয়েলে গ্রেজেটেড কর্মকর্তাদের গৃহনির্মাণ ঋণ অনলাইনে দাখিল জন্য Budget Execution মডিউলটি নির্বাচন করতে হবে ( চিত্র- ৩) ।

## ২. গ্রেজেটেড কর্মকর্তাদের গৃহনির্মাণ ঋণ অনলাইনে আবেদন পদ্ধতি


### ২.১ Employee Bank Account Change Request Entry (Self)

একজন সরকারি কর্মচারী i BAS++ এ তাঁর নিজের আইডিতে প্রবেশ করে গৃহ নির্মাণ ঋণের আবেদন অনলাইনে দাখিল করতে পারবেন। তথ্য সঠিকভাবে এন্ট্রি করে অর্থবিভাগের বাজেট ডেস্ক অফিসারের নিকট ফরওয়ার্ড করবেন। বিডিও তথ্য যাচাই- বাছাই করে উক্ত অফিসারের তথ্য অনুমোদন করবেন এবং সংশ্লিষ্ট ব্যাংকে তা অনুমোদনের জন্য অনলাইনে প্রেরণ করবেন।

Self Drawing Officer (SDO) আইবাস++ এ লগইন করে গৃহ নির্মাণ ঋণের আবেদন নিম্নোক্ত মেন্যুর মাধ্যমে অনলাইনে আবেদন করবেন।


**Menu :** Budget Execution > House Loan Subsidy Application (Self) > Entry

চিত্র ৪ : লগইন স্ক্রিন





উক্ত মেন্যুর House Loan Subsidy Application (Self)এ ক্লিক করলে নিম্নের সাব- মেন্যু

Nation ID Number এন্ট্রি করে GO বাটনে ক্লিক করতে হবে।





Applications স্ক্রিনে স্বয়ংক্রিয়ভাবে কর্মকর্তার গৃহনির্মাণ ঋণের আবেদনসমূহের বর্তমান অবস্থা এবং পূর্বে কোন আবেদন করেছেন কিনা তা প্রদর্শিত হবে।

চিত্র- ৫: Applications & New Application





New Application বাটনে ক্লিক করতে হবে। যদি পূর্বে গৃহনির্মাণ ঋণের আবেদন না করে থাকে তাহলে New Application অপশনে ক্লিক করতে হবে। এখানে কর্মকর্তার নাম, এনআইডি, জন্মতারিখ, পিআরএল শেষ হওয়ার তারিখ, মোবাইল নম্বর, ই- মেইল প্রদর্শিত হবে।

চিত্র- ৬: Personal Information





চিত্র-৬ এ স্ক্রিনে কর্মকর্তা ব্যক্তিগত তথ্য সঠিক আছে কিনা তা যাচাই করতে হবে। তথ্য সঠিক থাকলে Next বাটনে ক্লিক করতে হবে। এখানে কর্মকর্তার ব্যাংক ও ব্রাঞ্চের নাম, একাউন্ট হোল্ডার, একাউন্ট নম্বর, রাউটিং নম্বর প্রদর্শিত হবে।

চিত্র- ৭: Bank Account





চিত্র-৭-এ কর্মকর্তার ব্যাংক হিসাবের তথ্য সঠিক আছে কিনা তা যাচাই করতে হবে। তথ্য সঠিক থাকলে Next বাটনে ক্লিক করতে হবে। এখানে কর্মকর্তার পদবি, বর্তমান অফিস, গ্রেড/র‍্যাঙ্ক, বর্তমান গ্রেড, বর্তমান স্কেল, মূল বেতন, বর্তমান যোগদানের তারিখ, প্রথম যোগদান প্রদর্শিত হবে।

চিত্র- ৮: Service Information





চিত্র-৮ এ কর্মকর্তার চাকুরি সার্ভিসের তথ্য সঠিক আছে কিনা তা যাচাই করতে হবে। তথ্য সঠিক থাকলে Next বাটনে ক্লিক করতে হবে। এখানে কর্মকর্তার বাসভবনের তথ্য এন্ট্রি করতে হবে।

চিত্র- ৯: Residence Information





চিত্র-৯ এ কর্মকর্তার বাসস্থানের তথ্য সঠিকভাবে এন্ট্রি করে Next বাটনে ক্লিক করতে হবে। এখানে কর্মকর্তার বিবাহিত কিনা তা প্রদর্শিত হবে এবং বিবাহিত পত্নীর নাম ও এনআইডি নম্বর প্রদর্শিত হবে। পত্নীর মোবাইল নম্বর এন্ট্রি করে তিনি কোন পেশায় নিযুক্ত থাকলে তা ড্রপড্রাউন থেকে নির্বাচন করতে হবে।

চিত্র- ১০: Residence Information





চিত্র-১০ এ কর্মকর্তার পত্নী গৃহনির্মাণ ঋণের আবেদন করে থাকলে তা উল্লেখ করে Next বাটনে ক্লিক করতে হবে। এখানে কর্মকর্তা জমি/ফ্লাটের ধরন নির্বাচন করে দাগ নম্বর, খতিয়ান, এলাকা, চৌহদ্দী, মালিকের নাম, ঠিকানা এবং সিটি কর্পোরেশন ও এর আওতার বাইরের এলাকার তথ্য এন্ট্রি/নির্বাচন করতে হবে। দাগ নম্বর, খতিয়ান, এলাকা, চৌহদ্দী এই তথ্য প্রয়োজনে ব্যাংক কতৃপক্ষ সঠিক করে দিতে পারবেন।

চিত্র- ১১: Land Information





চিত্র-১১ এ কর্মকর্তার জমি/ফ্লাটের তথ্য এন্ট্রি করে Next বাটনে ক্লিক করতে হবে। এখানে ঋণের পরিমাণ, ঋণের ধরন, কতজন মিলে ঋণ নিবেন এবং ঋণের উদ্দেশ্য নির্বাচন করতে হবে। গৃহনির্মাণ ঋণ মোট কত শতাংশ হারে ফেরত দিতে হবে এবং সরকার কত শতাংশ ভর্তুকি নিবে তা স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে।

চিত্র- ১২: Loan Information





চিত্র-১২ এ যে ব্যাংক হতে ঋণ নিবে তা নির্বাচন করে উপরের তথ্য সঠিক এবং আমি উপরে নির্বাচিত ঋণ নীতি এবং গৃহনির্মাণ ঋণ নিতে আমি সম্মতি দিচ্ছি এরূপ চেক বক্সে ☑ টিক দিয়ে Save বাটনে ক্লিক করতে হবে।

চিত্র- ১৩: House Loan Application History





| Employee Name | NID | Application Date | Loan Amount | Status | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| Naznin | 19780000000000003 | 15/10/2022 | 750000 | Saved as draft | View | Edit | Remove | Submit |
| Naznin | 19780000000000003 | 12/10/2022 | 6000000 | Forwarded to Bank to process | View | Edit | Remove | Submit |

চিত্র-১৩ এ স্ক্রিনে স্বয়ংক্রিয়ভাবে কর্মকর্তার গৃহনির্মাণ ঋণের আবেদনসমূহ ‘Saved as draft’ অবস্থায় প্রদর্শিত হবে। এখান থেকে এন্ট্রিকৃত তথ্য View, Edit এবং Remove করতে পারবেন। সকল তথ্য সঠিক থাকলে Submit বাটনে ক্লিক করলে নিম্নরূপ মেন্যু প্রদর্শিত হবে।




Yes বাটনে ক্লিক করলে তথ্য সফলভাবে আপডেট করা হয়েছে।




এখন গৃহনির্মাণ ঋণের সকল তথ্য অনুমোদনের জন্য অর্থবিভাগের সংশ্লিষ্ট বাজেট ডেস্ক অফিসারের কাছে যাবে।

অতঃপর অর্থবিভাগের সংশ্লিষ্ট বাজেট ডেস্ক অফিসারের নিকট হতে ঋণের সকল তথ্য অনুমোদনের জন্য সংশ্লিষ্ট ব্যাংক বা হাউজলোন ফাইনান্স কর্পোরেশনের কাছে এবং NOC এর জন্য স্বংশ্লিস্ট মন্ত্রনালয়ের কাছে অনলাইনে চলে যাবে।